গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, কোটচাঁদপুর, ঝিনাইদহ

এবং

জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ঝিনাইদহ এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

## সূচিপত্র


জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন১: জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন২: জেলা / সার্কেল অফিসের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ(Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৬

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৭




## জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the District/Circle Office)

**সাম্প্রতিক অর্জন,চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

কৃষি নির্ভর বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে মৎস্য সেক্টরের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ ও অনস্বীকার্য। বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২১ অনুযায়ী দেশের মোট জিডিপি'র ৩.৫৭ শতাংশ এবং কৃষিজ জিডিপি'র এক-চতুর্থাংশের বেশি (২৬.৫০ শতাংশ) মৎস্যখাতের অবদান। আমাদের দৈনন্দিন খাদ্যে প্রাণিজ আমিষের প্রায় ৬০ ভাগ আসে মাছ থেকে। অভ্যন্তরীন মাছ উৎপাদন ও বদ্ধ জলাশয়ে চাষকৃত মাছ উৎপাদনে বাংলাদেশ বিশ্বে যথাক্রমে ৩য় ও ৫ম স্থান অধিকার করেছে (এফএও ২০২০)। বিগত তিন অর্থবছরে ঝিনাইদহ জেলায় (২০১৮-১৯, ২০১৯-২০ ও ২০২০-২১) মোট মৎস্য উৎপাদন ছিল ৩৯৬৫৫, ৪০০৫০ ও ৪০৪৬৬ মেট্রিক টন। মাছ উৎপাদনে ঝিনাইদহ একটি উদ্বৃত্ত জেলা। অভ্যন্তরীন বাজারে চাহিদা পূরণ করে ঝিনাইদহ জেলার মাছ পার্শ্ববর্তী দেশ ভারতে রপ্তানী হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

- ব্রুডস্টকের অবক্ষয়, গুণগতমানসম্পন্ন পোনা, খাদ্য ও অন্যান্য উপকরণের অপর্যাপ্ততা ও মূল্য বৃদ্ধি;
- জলাবদ্ধতা, মাছের মাইগ্রেশন বাধাপ্রাপ্ত হওয়া ও জীববৈচিত্র্য হ্রাস;
- পানি প্রবাহ হ্রাস এবং পলি জমার কারণে মাছের প্রজনন ও বিচরণক্ষেত্র বাধাগ্রস্ত হওয়া;
- মৎস্যজীবিদের বিকল্প জীবিকায়ন সহায়তার অভাব;
- অভয়াশ্রম স্থাপন ও রক্ষণাবেক্ষণ ব্যবস্থা অপ্রতুল; এবং

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সরকারের নির্বাচনী ইশতেহার, ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ দেশে উন্নীতকরণ এবং টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এ উল্লিখিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় (২০২১-২০২৫) মৎস্য সেক্টরে অর্জিতব্য প্রধান লক্ষ্যসমূহ নির্ধারণ করা হয়েছে:

- চাষকৃত মাছের উৎপাদন ২০১৯-২০ সালের তুলনায় ১২.৫০ শতাংশ এবং মোট মাছের উৎপাদন ১১ শতাংশ বৃদ্ধি করা;
- দৈনিক মাথাপিছু মাছ গ্রহণের পরিমাণ ৬৪ গ্রাম নিশ্চিত করা;
- বেকার যুবক ও যুবমহিলাদের জন্য অধিকতর কর্মসংস্থান সৃষ্টি ও মৎস্যচাষে ২০-২৫ শতাংশ নারীর অংশগ্রহণ নিশ্চিতকরণ
- মৎস্যচাষি/মৎস্যজীবীদের আয় ৩০ শতাংশ বৃদ্ধিকরণ
- মাছ চাষ ও সরবরাহের প্রতিটি ধাপে উত্তম চাষ ব্যবস্থাপনা ও সরবরাহ ব্যবস্থা গড়ে তোলা।

**২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ঝিনাইদহ জেলায় ১৮ টি প্রদর্শনী মৎস্য খামার ও ৪টি বিল নার্সারি স্থাপন, ২ মে. টন পোনা মাছ অবমুক্তকরণ এবং ২৫টি মৎস্য খাদ্য সংক্রান্ত লাইসেন্স প্রদান ও নবায়ন;
- দক্ষতা উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ,৩৬০ জন মৎস্যচাষি/সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান;
- এ সকল কার্যক্রমের মাধ্যমে ২০২২-২৩ অর্থবছরে মাছের উৎপাদন ৪১২৫০ মেট্রিক টনে উন্নীত করা।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, কোটচাঁদপুর, ঝিনাইদহ

এবং

জেলা মৎস্য কর্মকর্তা, ঝিনাইদহ এর মধ্যে ২০২২ সালের জুন মাসের ১৯ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:



## সেকশন ১

### জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

মৎস্য ও মৎস্যজাত উৎসহতে প্রাণিজ আমিষের পুষ্টি চাহিদা পূরণ, দারিদ্র্য হ্রাস ও রপ্তানি আয়বৃদ্ধি।

**১.১ অভিলক্ষ্য (Mission)**

সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে মৎস্য ও চিংড়িসহ অন্যান্য গুরুত্বপূর্ণ জলজসম্পদের স্থায়িত্বশীল উৎপাদন বৃদ্ধি করে দেশের পুষ্টি চাহিদা পূরণ এবং রপ্তানি আয়বৃদ্ধি এবং দরিদ্র মৎস্যজীবী ও মৎস্যচাষি, তথা বাংলাদেশের আর্থসামাজিক ক্ষেত্রে কাঙ্ক্ষিত উন্নয়ন সাধন।

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র**

১.৩.১ জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. টেকসইসংরক্ষণ ও ব্যবস্থাপনার মাধ্যমে মৎস্যসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি
২. স্থায়িত্বশীল মৎস্যচাষ উন্নয়ন ও ব্যবস্থাপনা
৩. মৎস্য ও মৎস্যজাত পণ্যের মান নিয়ন্ত্রণের মাধ্যমে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজারে নিরাপদ খাদ্য সরবরাহ
৪. দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪ কার্যাবলি (Functions)**

১, বিল নার্সারি স্থাপন
২. জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ
৩. জলাশয়ভিত্তিক মৎস্যজীবীদের সংগঠিত করা ও পরিচালনা
৪. মৎস্যজীবী/সুফলভোগীদের জলাশয় ব্যবস্থাপনা/ আইনপ্রতিপালন বিষয়ক সচেতনতা সৃষ্টি /উদ্বুদ্ধকরণ
৫. মাছের অভয়াশ্রম স্থাপন/রক্ষণাবেক্ষণ
৬. মৎস্যচাষ প্রযুক্তি ও সী-উইডচাষ প্রযুক্তি সম্প্রসারণ
৭. মৎস্য খামার যান্ত্রিকীকরণ ও মৎস্য সাপ্লাই চেইন উন্নয়ন
৮. মৎস্যখাদ্য সংক্রান্ত লাইসেন্স প্রদান ও মৎস্য খাদ্য পরীক্ষা
৯. মৎস্যচাষ ব্যবস্থাপনা উন্নয়নে পরিদর্শন ও পরামর্শ প্রদান
১০. হ্যাচারি/মৎস্যবীজ খামারে মানসম্পন্ন মাছের রেণু উৎপাদন
১১. উত্তম মৎস্যচাষ অনুশীলন সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন
১২. কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান
১৩. মৎস্যচাষি, মৎস্যজীবী মৎস্য প্রক্রিয়াকরণ সংশ্লিষ্টসহ অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান
১৪. মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টি

আমি, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, কোটচাঁদপুর, ঝিনাইদহ, জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ঝিনাইদহ এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ঝিনাইদহ হিসেবে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, কোটচাঁদপুর, ঝিনাইদহ এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত

২১/০৬/২০২২

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়,
কোটচাঁদপুর, ঝিনাইদহ

তারিখ

২১/০৬/22

জেলা মৎস্য কর্মকর্তা
জেলা মৎস্য অফিসারের কার্যালয়, ঝিনাইদহ

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আইইউইউ | ইল্লিগ্যাল, আনরিপোর্টেড এন্ড আনরেগুলেটেড |
| ২ | এআইজি | অলটারনেটিভ ইনকাম জেনেরেটিং |
| ৩ | এনজিও | ননগভনমেন্ট অর্গানাইজেশন |
| ৪ | এফআইকিউসি | ফিশ ইন্সপেকশন এন্ড কোয়ালিটি কন্ট্রোল |
| ৫ | এফএও | ফুড এন্ড এগ্রিকালচার অর্গানাইজেন |
| ৬ | এমওএফএল | মিনিস্ট্রি অবফিশারিজ এন্ড লাইভস্টক |
| ৭ | এমসিএস | মনিটরিং, কনট্রোল এন্ড সার্ভিলেন্স |
| ৮ | এসপিএফ | স্পেসিফিক প্যাথোজেন ফ্রি |
| ৯ | জিডিপি | গ্রস ডমেস্টিক প্রডাক্ট |
| ১০ | ডিওএফ | ডিপার্টমেন্ট অবফিশারিজ |
| ১১ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অবস্ট্যাটিসটিক্স |
| ১২ | সিসিআরএফ | কোড অবকন্ডাক্ট ফররেসপনসিবল ফিসারিজ |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] বিল নার্সারি স্থাপন | [১.১.১] স্থাপিত বিল নার্সারি | বাস্তবায়নকারী: উপজেলা মৎস্য দপ্তরসমূহ সমন্বয়কারী: বিভাগীয় মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক সমন্বিত প্রতিবেদন |
| [১.২] জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ | [১.২.১] অবমুক্তকৃত পোনার পরিমাণ | বাস্তবায়নকারী: উপজেলা মৎস্য দপ্তরসমূহ সমন্বয়কারী: বিভাগীয় মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক সমন্বিত প্রতিবেদন |
| [১.৩] জলাশয়ভিত্তিক মৎস্যজীবীদের সংগঠিত করা ও পরিচালনা | [১.৩.১] সংগঠিত মৎস্যজীবী দল | বাস্তবায়নকারী: উপজেলা মৎস্য দপ্তরসমূহ সমন্বয়কারী: বিভাগীয় মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক সমন্বিত প্রতিবেদন |
| [১.৪] মৎস্যজীবী/সুফলভোগীদের জলাশয় ব্যবস্থাপনা/ আইনপ্রতিপালন বিষয়ক সচেতনতা সৃষ্টি /উদ্বুদ্ধকরণ | [১.৪.১] আয়োজিত সচেতনতামূলক/উদ্বুদ্ধকরণসভা | বাস্তবায়নকারী: উপজেলা মৎস্য দপ্তরসমূহ সমন্বয়কারী: বিভাগীয় মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক সমন্বিত প্রতিবেদন |
| [১.৫] মাছের অভয়াশ্রম স্থাপন/রক্ষণাবেক্ষণ | [১.৫.১] রক্ষণাবেক্ষণকৃত মৎস্য অভয়াশ্রম | বাস্তবায়নকারী: উপজেলা মৎস্য দপ্তরসমূহ সমন্বয়কারী: বিভাগীয় মৎস্য দপ্তর | রক্ষণাবেক্ষণকৃত মৎস্য অভয়াশ্রমের তালিকা |
| | [১.৫.২] স্থাপিত নতুন মৎস্য অভয়াশ্রম | বাস্তবায়নকারী: উপজেলা মৎস্য দপ্তরসমূহ সমন্বয়কারী: বিভাগীয় মৎস্য দপ্তর | স্থাপিত নতুন মৎস্য অভয়াশ্রমের তালিকা |
| [১.৬] মৎস্যসম্পদ উন্নয়নে আইনবাস্তবায়ন | [১.৬.১] পরিচালিত অভিযান | বাস্তবায়নকারী: উপজেলা মৎস্য দপ্তরসমূহ সমন্বয়কারী: বিভাগীয় মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক সমন্বিত প্রতিবেদন |
| [২.১] মৎস্যচাষ প্রযুক্তি সম্প্রসারণ | [২.১.১] স্থাপিত প্রদর্শনী খামার | বাস্তবায়নকারী: উপজেলা মৎস্য দপ্তরসমূহ সমন্বয়কারী: বিভাগীয় মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক সমন্বিত প্রতিবেদন |
| | [২.১.২] আয়োজিত মৎস্য মেলা/ উদ্ভাবনী মেলা/ মৎস্যচাষি র‍্যালি | বাস্তবায়নকারী: জেলা/উপজেলা মৎস্য দপ্তরসমূহ সমন্বয়কারী: বিভাগীয় মৎস্য দপ্তর | জেলা/উপজেলা ভিত্তিক সমন্বিত প্রতিবেদন |
| | [২.১.৩] আয়োজিত মাঠ দিবস/মত বিনিময় সভা/সচেতনতামূলকসভা/ পরামর্শ দিবস | বাস্তবায়নকারী: উপজেলা মৎস্য দপ্তরসমূহ সমন্বয়কারী: বিভাগীয় মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক সমন্বিত প্রতিবেদন |
| | [২.১.৪] আয়োজিত সেমিনার/ ওয়ার্কশপ | বাস্তবায়নকারী: জেলা/উপজেলা মৎস্য দপ্তরসমূহ সমন্বয়কারী: বিভাগীয় মৎস্য দপ্তর | জেলা/উপজেলা ভিত্তিক সমন্বিত প্রতিবেদন |
| [২.১] মৎস্যচাষ প্রযুক্তি সম্প্রসারণ | [২.১.৫] উৎপাদিত/সরবরাহকৃত এসপিএফ (SPF) চিংড়ি পিএল | বাস্তবায়নকারী: জেলা/উপজেলা মৎস্য দপ্তরসমূহ সমন্বয়কারী: বিভাগীয় মৎস্য দপ্তর | এসপিএফ (SPF) পিএল এর পিসিআর টেস্ট |
| [২.২] সী-উইডচাষ প্রযুক্তি সম্প্রসারণ (পাইলটিং) | [২.২.১] সম্প্রসারিত সী-উইডচাষ প্রযুক্তি | বাস্তবায়নকারী: উপজেলা মৎস্য দপ্তরসমূহ সমন্বয়কারী: বিভাগীয় মৎস্য দপ্তর | রেজিস্টারের স্ক্যান কপি |
| [২.৩] মৎস্য খামার যান্ত্রিকীকরণ | [২.৩.১] উন্নয়ন সহায়তা / চাষির নিজ উদ্যোগে স্থাপিত যন্ত্রপাতি | বাস্তবায়নকারী: উপজেলা মৎস্য দপ্তরসমূহ সমন্বয়কারী: বিভাগীয় মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক সমন্বিত প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [২.৪] মৎস্য সাপ্লাই চেইন উন্নয়ন | [২.৪.১] তৈরি/উন্নয়নকৃত মৎস্য/চিংড়ি উৎপাদনকারীদের সংগঠন | বাস্তবায়নকারী: উপজেলা মৎস্য দপ্তরসমূহ সমন্বয়কারী: বিভাগীয় মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক সমন্বিত প্রতিবেদন |
| | [২.৪.২] মাছ বাজারজাতকরণের জন্য পরিচালিত অনলাইন/গ্রোথ সেন্টারের সংখ্যা | বাস্তবায়নকারী: উপজেলা মৎস্য দপ্তরসমূহ সমন্বয়কারী: বিভাগীয় মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক সমন্বিত প্রতিবেদন |
| [২.৫] মৎস্য খাদ্য ও উপকরণ ব্যবস্থাপনা | [২.৫.১] প্রদানকৃত/ নবায়নকৃত মৎস্যখাদ্য সংক্রান্ত লাইসেন্স | বাস্তবায়নকারী:জেলা মৎস্য দপ্তরসমূহ সমন্বয়কারী: বিভাগীয় মৎস্য দপ্তর | জেলাভিত্তিক সমন্বিত প্রতিবেদন |
| | [২.৫.২] পরীক্ষিত মৎস্য খাদ্য নমুনা | বাস্তবায়নকারী: জেলা মৎস্য দপ্তরসমূহ সমন্বয়কারী: বিভাগীয় মৎস্য দপ্তর | জেলাভিত্তিক সমন্বিত প্রতিবেদন |
| [২.৬] মৎস্যচাষ ব্যবস্থাপনা উন্নয়নে পরিদর্শন ও পরামর্শ প্রদান | [২.৬.১] পরামর্শ প্রদানকৃত মৎস্যচাষি | বাস্তবায়নকারী: উপজেলা মৎস্য দপ্তরসমূহ সমন্বয়কারী: বিভাগীয় মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক সমন্বিত প্রতিবেদন |
| [২.৭] হ্যাচারি/মৎস্যবীজ খামারে মানসম্পন্ন মাছের রেণু উৎপাদন | [২.৭.১] উৎপাদিত রেণুর পরিমাণ | বাস্তবায়নকারী: জেলা/উপজেলা মৎস্য দপ্তরসমূহ সমন্বয়কারী: বিভাগীয় মৎস্য দপ্তর | জেলা/উপজেলা ভিত্তিক সমন্বিত প্রতিবেদন |
| [৩.১] উত্তম মৎস্যচাষ অনুশীলন সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন | [৩.১.১] মুদ্রিত লিফলেট / বুকলেট / পোস্টার | বাস্তবায়নকারী: বিভাগীয় মৎস্য দপ্তরসমূহ সমন্বয়কারী: মৎস্য অধিদপ্তর | মুদ্রিত লিফলেট, বুকলেট ও পোস্টারের বিবরণসহ তালিকা |
| | [৩.১.২] আয়োজিত উদ্বুদ্ধকরণ সচেতনতামূলকসভা | বাস্তবায়নকারী: জেলা/উপজেলা মৎস্য দপ্তরসমূহ সমন্বয়কারী: বিভাগীয় মৎস্য দপ্তর | সচেতনতামূলকসভার নোটিশ ও উপস্থিত অংশগ্রহণকারীদের তালিকা |
| [৪.১] কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা উন্নয়নবিষয়ক প্রশিক্ষণ প্রদান | [৪.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী | বাস্তবায়নকারী: জেলা/উপজেলা মৎস্য দপ্তরসমূহ সমন্বয়কারী: বিভাগীয় মৎস্য দপ্তর | জেলা/উপজেলা ভিত্তিক সমন্বিত প্রতিবেদন |
| | [৪.১.২] আয়োজিত বিশেষ লার্নিং সেশন | বাস্তবায়নকারী: বিভাগীয় মৎস্য দপ্তরসমূহ সমন্বয়কারী: মৎস্য অধিদপ্তর | অফিস আদেশ ও উপস্থিত অংশগ্রহণকারীদের তালিকা |
| [৪.২] মৎস্যচাষি, মৎস্যজীবী মৎস্য প্রক্রিয়াকরণ সংশ্লিষ্টদের/অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান | [৪.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত মৎস্যচাষি, মৎস্যজীবীসহ অন্যান্য সুফলভোগী | বাস্তবায়নকারী: উপজেলা মৎস্য দপ্তরসমূহ সমন্বয়কারী: বিভাগীয় মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক সমন্বিত প্রতিবেদন |
| [৪.৩] মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টি | [৪.৩.১] সম্পৃক্ত সুফলভোগী | বাস্তবায়নকারী: উপজেলা মৎস্য দপ্তরসমূহ সমন্বয়কারী: বিভাগীয় মৎস্য দপ্তর | উপজেলা ভিত্তিক সমন্বিত প্রতিবেদন |